**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**23 OCTOBER 2024** **7:35 AM IST**

=========================================================================

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা রাজ্যের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের অগ্রগতি নিয়ে গতকাল নতুনদিল্লীতে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহের সংগে এক বৈঠকে মিলিত হয়েছেন । বিভিন্ন সংস্থার দ্বারা রুপায়ন করা ৫৭ টি মুখ্য জাতীয় সড়ক প্রকল্প নির্ধারিত সময়ের মধ্যে সম্পূর্ন করা নিয়েও বৈঠকে আলোচনা করা হয় । মুখ্যমন্ত্রী প্রকল্পগুলির কাজ ত্বরান্বিত করার জন্য কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রীকে আহ্বান জানান । বৈঠকে যোরহাট , ডিব্রুগড় জাতীয় সড়কের নির্মাণ শীঘ্র সম্পূর্ন করার ক্ষেত্রে গুরুত্ব আরোপ করা হয় । কাজিরাঙা এলিভেটেড করিডর , বাইহাটা চারিয়ালি - তেজপুর জাতীয় সড়ক সম্প্রসারিত চারলেনযুক্ত করা , কমলাবারী ও নিমাতীঘাট সংযোগী মাজুলী সেতুর পুনরায় টেনডার প্রকাশ করা সম্পর্কে আলোচনা করা হয় । বৈঠকে কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল সহ আসামের সাংসদরা অংশ নেন ।

---

রাজ্যের মুখ্য সচিব ড: রবি কোটা ২৭ শে অক্টোবর অনুষ্ঠেয় আসাম প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষার অন্তিম পর্যায় সম্পর্কে জেলা আয়ুক্ত ও পুলিশ সুপারদের সংগে গতকাল ভিডিও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে মত বিনিময় করেন । আগামী ২৭ শে অক্টোবর সকাল সাড়ে ৯ টা থেকে সাড়ে ১১ টা পর্যন্ত এক হাজার ৪৮৪ টি ও বেলা দেড়টা থেকে বিকেল

৪ টে পর্যন্ত ৮০৮ টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে । এই পরীক্ষায় মোট ৮ লক্ষ ২৭ হাজার ১৩০ জন প্রার্থী অবতীর্ন হবেন বলে জানানো হয়েছে ।

---

ধলাই তপশিলি সংরক্ষিত বিধানসভা আসনের উপ-নির্বাচনের জন্য বিভিন্ন রাজনৈতিক দলের কর্ম তৎপরতা ক্রমশ জোরদার হয়ে উঠেছে ।

ভারতীয় জাতীয় কংগ্রেসের মনোনীত প্রার্থী ধ্রুবজ্যোতি পুরকায়স্থ গতকাল ধলাই আসনে প্রতিদ্বন্দিতা করার জন্য প্রথম মনোনয়ন পত্র জমা দিয়েছেন । মনোনয়ন পত্র জমা দেবার সময় শ্রী পুরকায়স্থের সঙ্গে অসম প্রদেশ কংগ্রেসের রাজ্য সভাপতি ভূপেন বরা, রাজ্য বিধানসভার বিরোধী দলনেতা দেবব্রত শইকিয়া, বড়খলার কংগ্রেস বিধায়ক মিসবাউল ইসলাম লস্কর, রাজ্যসভার প্রাক্তন উপাধ্যক্ষ আমিনুল হক লস্কর সহ কংগ্রেসের শীর্ষ নেতা ও কর্মীরা উপস্থিত ছিলেন । মনোনয়ন পত্র জমা দিয়ে কংগ্রেস প্রার্থী ধ্রুবজ্যোতি পুরকায়স্থ নির্বাচনে জয়লাভ করলে ধলাই বিধানসভা এলাকার সড়ক উন্নয়ন, পানীয়জল সহ যাবতীয় উন্নয়নমূলক কাজকর্মের উপর বিশেষ জোর দেবেন বলে মন্তব্য করেছেন । উল্লেখ্য আগামী ১৩ই নভেম্বর রাজ্যের পাঁচটি বিধানসভা আসনের সঙ্গে ধলাই তপশিলি সংরক্ষিত বিধানসভা আসনেও উপ-নির্বাচন অনুষ্ঠিত হবে ।

---

কাছাড়ের জেলা ম্যাজিস্ট্রেট মৃদুল যাদব জেলায় লটারি খেলা অবৈধ বলে জানিয়েছেন । জেলায় যেসব সংস্থা অনলাইন এবং অফলাইনে লটারী পরিচালনা করে থাকে তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহন করতে পুলিশ সুপারকে নির্দেশ দিয়েছেন । উল্লেখ্য রাজ্যের বিভিন্ন জেলায় লটারির জন্য অবৈধ কার্যকলাপ সংগঠিত হোয়ার পরিপ্রেক্ষিতে এই নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে । কাছাড় জেলায় এই নিষেধাজ্ঞা পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকবে বলে জানানো হয়েছে ।

কাছাড় জেলা প্রশাসন থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে জেলায় পঞ্চায়েত নির্বাচন-২০২৪-এর খসড়া ভোটার তালিকা প্রকাশ করা হয়েছে । এই খসড়া ভোটার তালিকা কাছাড় জেলা পরিষদের কার্য্যলয় ও সংশ্লিস্ট গ্রাম পঞ্চায়েত কার্য্যলয়ে দেখতে পাওয়া যাবে । এছাড়া রাজ্য নির্বাচন কমিশনের ওয়েব সাইট https//eimssec.assam.gov.in এ দেখা যাবে বলে জানানো হয়েছে ।

উল্লেখ্য কাছাড় জেলায় প্রকাশিত খসড়া তালিকায় ভোটারের সংখ্যা হচ্ছে ১১ লক্ষ ৯০ হাজার চারশ ৫৬ জন । এর মধ্যে পুরুষ ভোটার পাঁচ লক্ষ ৯৬ হাজার ৫২ জন এবং মহিলা ভোটার পাঁচ লক্ষ ১৪ হাজার তিনশ ৮৬ জন ও অন্যান্য ভোটারের সংখ্যা হচ্ছে ১৮ জন ।

---

কেন্দ্রীয় হজ কমিটির মুখ্য কার্য্যবাহী আধিকারীক এক বিজ্ঞপ্তীতে ২০২৫ সালের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত হজ যাত্রীদের কাছ থেকে অগ্রিম অর্থ জমা নেবার সময় সীমা আরো দশ দিন বৃদ্ধি করেছেন । বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে যে দেশের বিভিন্ন রাজ্য হজ কমিটির অনুরোধে অগ্রিম অর্থ জমা নেওয়ার সময়সীমা আগামী ৩১শে অক্টোবর পর্য্যন্ত বৃদ্ধি করা হয়েছে । বিজ্ঞপ্তিতে আরো জানানো হয়েছে যে অর্থ জমার পে-ইন স্লিপের কপি ও অনলাইন জমার রশিদ সহ নির্ধারিত প্রপত্রে মেডিকেল ফিটনেস সার্টিফিকেট আগামী ৫ই নভেম্বরের মধ্যে সংশ্লিষ্ট রাজ্য হজ কমিটির কার্যালয়ে পৌছতে হবে ।

করিমগঞ্জের নারী ও শিশু উন্নয়ন বিভাগের ব্যবস্থাপনায় মিশন শক্তির অধীনে সপ্তাহব্যাপী সচেতনতা অভিযানের অঙ্গ হিসেবে গতকাল বরুয়ালা হাইস্কুলে একটি সচেতনতা সভা অনুষ্ঠিত হয় । বিদ্যালয়ের অধ্যক্ষ প্রবীর ভৌমিকের পৌরহিত্যে আয়োজিত সভায় মহিলাদের নিরাপত্তা ও ক্ষমতায়ন বৃদ্ধির লক্ষ্যে জাতীয় স্বাস্থ্য মিশনের পক্ষে রুহুল মজুমদার , অঙ্গনওয়াড়ি পর্যবেক্ষক অঞ্জনা রায় প্রমুখ বক্তব্য রাখেন । এছাড়া সভায় ওয়ান স্টপ সেন্টার , শক্তি সাধনা , শক্তি নিবাস , ১৮১ , ১০৯৮ টোল ফ্রি নম্বরের ব্যবহার সর্ম্পকে বোঝানো হয়েছে । সভায় প্রধানমন্ত্রী মাতৃ বন্দনা যোজনা , আয়ুষ্মান কার্ড , মহিলা বান্ধব স্বাস্থ্য ক্লিনিক সহ সরকারের গ্রহন করা বিভিন্ন প্রকল্প সর্ম্পকে আলোচনা করা হয়েছে ।

---

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে আজ লালা রুরেল কলেজে দিব্যাঙ্গ শনাক্তকরণ শিবির অনুষ্ঠিত হবে । এছাড়া আগামীকাল কাটলিছড়া এস কে রায় কলেজ ও আগামী শুক্রবার মণিপুরের অলইছড়া মডেল স্কুলে দিব্যাঙ্গ শনাক্তকরণ শিবির অনুষ্ঠিত হবে । জেলা প্রশাসন থেকে এই শিবিরগুলিতে ইনকাম সার্টিফিকেট , আধার কার্ড , ভোটার পরিচয় পত্র ও পোষ্ট কার্ড সাইজের ফোট সঙ্গে নিয়ে আসতে বলা হয়েছে ।

এদিকে গতকাল হাইলাকান্দি শহরের লক্ষীশহর হরকিশোর হাইস্কুলে আয়োজিত দিব্যাঙ্গ শনাক্ত করণ শিবিরে ৭০ জনকে শনাক্ত করা হয়েছে ।

---

---